

ঢাকা ওয়াসা

বিষয় : ঢাকা ওয়াসায় সরাসরি নিয়োগযোগ্য স্ক্যাডা অপারেশন ইঞ্জিনিয়ার পদে নিয়োগের লক্ষ্যে লিখিত পরীক্ষা গ্রহণ সংক্রান্ত।

২২। নির্দেশক্রমে নথি উপস্থাপন করা হ'ল।

২৩। ঢাকা ওয়াসায় চুক্তিভিত্তিক সহকারী প্রকৌশলী পদে নিয়োগের লক্ষ্যে আগামী ১১/১১/২০২৩ তারিখ রোজ শনিবার প্রার্থীদের লিখিত পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে উচ্চতর সিলেকশন বোর্ডের আলোচনা ও নির্দেশনা মোতাবেক নিম্নরূপ ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে :

(ক) অনুষ্ঠিতব্য স্ক্যাডা অপারেশন ইঞ্জিনিয়ার পদে লিখিত পরীক্ষা উচ্চতর সিলেকশন বোর্ডের আওতাভুক্ত। সুতরাং লিখিত পরীক্ষার তারিখে উচ্চতর সিলেকশন বোর্ডের সম্মানিত আহবায়ক ও সদস্যগণ এবং কো-অপ্ট সদস্যগণকে উপস্থিত থাকার অনুরোধ জানিয়ে নোটিশ দেয়া যেতে পারে। উল্লেখ্য, ০৮/১০/২০২১ তারিখে অনুষ্ঠিতব্য সহকারী প্রকৌশলী পদে প্রাথমিক বাছাই পরীক্ষা নিম্নোক্তভাবে অনুষ্ঠিত হবে :

তারিখ : ১১/১১/২০২৩ রোজ : শনিবার।

সময় : সকাল ১০.০০ ঘটিকা (১.৩০ ঘন্টাব্যাপী)।

স্থান : Institute of Cost and Management Accountants of Bangladesh (ICMAB)

(খ) লিখিত পরীক্ষার জন্য অনলাইনে পূর্বে জেনারেট করা রোল নম্বর অনুসারে তারিখ, সময় ও স্থান জানিয়ে প্রবেশপত্র প্রস্তুত করতঃ ঢাকা ওয়াসা ওয়েবসাইট, ই-মেইলের মাধ্যমে প্রেরণ এবং এসএমএস এর মাধ্যমে পরীক্ষার্থীদের তারিখ, সময় ও স্থান জানিয়ে সিনিয়র সিস্টেম এনালিস্ট (জিআইএস)-কে পত্র প্রেরণ করা যেতে পারে। প্রবেশপত্রের নমুনা (পতাকা-ক)-তে রক্ষিত।

(গ) আগামী ১১/১১/২০২৩ তারিখে অনুষ্ঠিতব্য স্ক্যাডা অপারেশন ইঞ্জিনিয়ার পদে লিখিত পরীক্ষা ICMAB তে সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত কর্মকর্তা/কর্মচারীগণের সমন্বয়ে ২(দুই) টি টিম গঠন করা যেতে পারে।

১। বিশেষ টিম : বিশেষ দায়িত্বপ্রাপ্ত ১১ (এগার) জন কর্মকর্তা (চীফ সিকিউরিটি অফিসার-১ জন, সিনিয়র সিস্টেম এনালিস্ট (জিআইএস)-১ জন, উপ-সচিব-৪ জন, সহকারী সচিব-৪ জন, এবং অফিস সুপারিনটেনডেন্ট, প্রশাসন বিভাগ-১ সার্বিক সমন্বয়ের দায়িত্বে নিয়োজিত থাকবেন।

২। সহযোগী টিম : পরীক্ষার দিন প্রার্থীদের আবেদনপত্র, ইন্টারভিউ কার্ডের অফিস কপিসহ সংশ্লিষ্ট কাজে সহযোগীতা করার লক্ষ্যে কেন্দ্রে উপস্থিত থাকার জন্য কম্পিউটার অপারেটরসহ বিভিন্ন পদের মোট ১০ জন কর্মচারীকে নেয়া যেতে পারে।

(ঘ) পরীক্ষার দিন ইন্টারভিউ কার্ডের অফিস কপিসহ কেন্দ্রে উপস্থিত থাকার জন্য কর্মকর্তা/কর্মচারীদের নেয়া এবং অফিসে পৌছানোর জন্য ১১/১১/২০২৩ তারিখ সকাল ৮.০০ ঘটিকা হতে পরীক্ষার সকল কার্যাদি শেষ না হওয়া পর্যন্ত ২টি মাইক্রোবাস রাখার জন্য পরিবহন কর্মকর্তাকে অনুরোধ করা যেতে পারে।

(ঙ) অনুষ্ঠিতব্য লিখিত পরীক্ষা শনিবার সাপ্তাহিক ছুটির দিনে ওয়াসা ভবনের বাহিরে অনুষ্ঠিত হবে বিধায় উপরে বর্ণিত সিলেকশন বোর্ড, সহযোগী কর্মচারী ও উপস্থিত কর্মকর্তাগণের গাড়ীচালকগণকে সম্মানী ভাতা প্রদান প্রয়োজন হবে। এছাড়া পরীক্ষা দিন হালকা আপ্যায়ন ও দুপুরের আহারের ব্যবস্থা গ্রহণের জন্য এবং পরীক্ষা কেন্দ্রে স্বাস্থ্যবিধি অনুসরণের জন্য ২টি ব্যানার, প্রয়োজনীয় মাস্ক, স্যানিটাইজার, পানি সরবরাহের জন্য কমন সার্ভিস বিভাগ-কে দায়িত্ব দেয়া যেতে পারে।

(চ) স্ক্যাডা অপারেশন ইঞ্জিনিয়ার পদে অনুষ্ঠিতব্য প্রাথমিক বাছাই পরীক্ষা গ্রহণের লক্ষ্যে উল্লেখিত কেন্দ্র ও উচ্চতর সিলেকশন বোর্ড-এর সদস্যদের সম্মানীসহ অন্যান্য ক্ষেত্রে বিভিন্ন ভাতা ও খরচের হার নিম্নরূপভাবে নির্ধারণ করা যেতে পারেঃ

✓ উচ্চতর সিলেকশন কমিটির আহবায়ক-কে সম্মানী ভাতা (১ জন X ৩৫০০), সদস্য ও কো-অপ্ট সদস্যগণের সম্মানী ভাতা (৭ জন সদস্যের ৩০০০/- টাকা হারে+০১ জন কো-অপ্ট সদস্যের ৩,০০০/- টাকা হারে) মোট (৩,৫০০+৩০০০X৮)	২৭,৫০০/-
✓ বিশেষ দায়িত্বপ্রাপ্ত ১১ (এগার) জন কর্মকর্তা (১১ জন X ২০০০/-)	২২,০০০/-
✓ সহযোগী টিমের কর্মচারীদের সম্মানী বাবদ (১০ জন X ১০০০/-)	৯,০০০/-
✓ সংশ্লিষ্ট কর্মকর্তাদের গাড়ীচালকদের সম্মানী ভাতা (১৫ জন X ৮০০/-)	১২,০০০/-
✓ নিরাপত্তা ও পুলিশ ফোর্স	৫,০০০/-
✓ স্টেশনারী মালামাল ক্রয় বাবদ	৩,০০০
মোট=	৭৮,৫০০/-

পরবর্তী পাতায় দ্র:

২৪। পরীক্ষার ভেন্যু ভাড়া, প্রশ্নপত্র ও উত্তরপত্র প্রণয়ন বাবদ ভ্যাট-ট্যাক্স বাদে নিম্নোক্ত পরিমাণ টাকার প্রয়োজন হবেঃ

✓ ICMAB (৪৬৩ জন x ২০০ টাকা)	৯২,৬০০/-
✓ প্রশ্নপত্র তৈরী	১০,০০০/-
মোট=	১,০২,৬০০/-

২৫। অনুচ্ছেদ-২৩ ও ২৪ এর বর্ণনার আলোকে

- উচ্চতর সিলেকশন কমিটির সম্মানিত আহ্বায়ক ও সদস্যগণ এবং কো-অস্ট সদস্য -কে উপস্থিত থাকার অনুরোধ জানিয়ে নোটিশ দেয়া যেতে পারে।
- ICMAB এর অনুকূলে ৯২,৬০০/- (বিরানবই হাজার ছয়শত) টাকা প্রদান এবং প্রশ্নপত্র তৈরী, ছাপানো বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকাসহ সর্বমোট ১,০২,৬০০/- (এক লক্ষ দুই হাজার ছয়শত) টাকা প্রদান করা যেতে পারে। উল্লিখিত টাকার ভ্যাট-ট্যাক্স ঢাকা ওয়াসা প্রদান করবে।
- উপ-সচিব প্রশাসন-১ এর অনুকূলে অস্থায়ী অগ্রীম হিসেবে সর্বমোট (৭৮,৫০০/- + ১,০২,৬০০/-) = ১,৮১,১০০/- (এক লক্ষ একাশি হাজার একশত) টাকা প্রদানের জন্য হিসাব বিভাগে পত্র প্রেরণ করা যেতে পারে।
- পরীক্ষা গ্রহণের দিনে বিশেষ টিমের কর্মকর্তাগণ, সহযোগী টিমের সদস্যগণকে উপস্থিত থাকার অনুরোধ জানিয়ে নোটিশ জারি করা যেতে পারে।
- পরিবহনের ব্যবস্থা গ্রহণের জন্য পরিবহন কর্মকর্তা, ঢাকা ওয়াসা-কে পত্র দেয়া যেতে পারে।
- আপ্যায়ন ও বর্ণিত মালামাল সরবরাহের জন্য উপ সচিব, কমন সার্ভিস বিভাগ কে পত্র দেয়া যেতে পারে।
- স্থানীয় থানার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পত্র দেয়া যেতে পারে।
- প্রার্থীদের অনুকূলে প্রবেশপত্র প্রেরণের জন্য সিনিয়র সিস্টেম এনালিস্ট (জিআইএস)-কে পত্র প্রেরণ করা যেতে পারে।

২৬। উপরোক্ত নোট অনুঃ ২৫ এর প্রস্তাব সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো। প্রস্তাব অনুমোদিত হলে এতদবিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।

৩০/১০/২৩

৩০/১০/২৩
OS(A-1)

৩০/১০/২৩
AS(A-1)

৩০/১০/২৩
DS(A-1)

৩১/১০/২৩
Amir

MD Sir

১/১১/২৩

শকৌঃ তাকসিম এ খান
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।

DMD (HR & Admin)
০১/১১/২৩



ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ
ব্যবস্থাপনা পরিচালকের কার্যালয়
ওয়াসা ভবন

৯৮, কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

Website: www.dwasa.org.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.১১৩.২০৮.০০.১৩.০২২.২০২৩- ২৫০৭

তারিখঃ ০২/১১/২০২৩

প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
হিসাব বিভাগ
ঢাকা ওয়াসা।

বিষয় : উপ-সচিব, প্রশাসন বিভাগ-১ এর অনুকূলে অস্থায়ী অগ্রিম প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা ওয়াসায় চুক্তিভিত্তিক স্ক্যাডা অপারেশন ইঞ্জিনিয়ার পদে জনবল নিয়োগের লক্ষ্যে লিখিত পরীক্ষা আগামী ১১/১১/২০২৩ তারিখ রোজ শনিবার ইনস্টিটিউট অব কষ্ট এন্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্টস অব বাংলাদেশ (আইসিএমএবি) তে অনুষ্ঠিত হবে। উক্ত নিয়োগ পরীক্ষার ভেন্যু ভাড়া, প্রশ্নপত্র ও উত্তরপত্র প্রণয়ন এবং উচ্চতর সিলেকশন বোর্ডের সদস্যগণ, সুপারভাইজরি টিমের কর্মকর্তাগণের সম্মানী এবং সংশ্লিষ্ট কাজে সহায়তাকারীদের সম্মানী ও অন্যান্য খরচ বাবদ সর্বমোট ১,৮১,১০০/- (এক লক্ষ একাশি হাজার একশত) টাকার অস্থায়ী অগ্রিম ব্যবস্থাপনা পরিচালক মহোদয় কর্তৃক অনুমোদিত হয়েছে (কপি সংযুক্ত)।

এমতাবস্থায়, উপরোল্লিখিত বর্ণনা মোতাবেক অস্থায়ী অগ্রিম হিসেবে ১,৮১,১০০/- (এক লক্ষ একাশি হাজার একশত) টাকা উপ-সচিব, প্রশাসন বিভাগ-১ এর অনুকূলে প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল। যা পরবর্তীতে সমন্বয় করা হবে।

সংযুক্তি : অনুমোদিত নোটসীটের সত্যায়িত ফটোকপি।

শাহিদা কানিজ
উপ-সচিব
প্রশাসন বিভাগ-১
ঢাকা ওয়াসা।

অনুলিপি :-

- ০১। ব্যবস্থাপনা পরিচালক এর ব্যক্তিগত সহকারী, ঢাকা ওয়াসা (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০২। অফিস কপি।